

TABU EKALAVYA

UGC Approved International Peer-Reviewed (Refereed) Research
Journal on Arts & Humanities
ISSUE 26, Vol. 41 • October - December, 2020

2nd Edn. : May 2021

ISSN : 0976-9463

প্রথম প্রকাশ : ২৫ ডিসেম্বর, ২০২০

দ্বিতীয় প্রকাশ : ২৫ বৈশাখ/৯ মে ২০২১

TABU EKALAVYA

- Chief Advisor** : Swami Shastrajnananda
Selina Hossin
Ramkumar Mukhopadhyay
Soma Bandyopadhyay
Sadhan Chattopadhyay
- President** : Biplab Majee
Vice-President : Tapan Mandal
Executive Editor : Sushil Saha
Editor : Debarati Mallik
Joint Editor : Tapas Pal
Editor-in-Chief : Dipankar Mallik
e-mail : tobuekalabya@gmail.com / tabuekalavya@gmail.com
Website : www.tabuekalabya.in
facebook : তবু একলব্য গবেষণা পত্রিকা
গ্রুপ : তবু একলব্য গবেষণা পত্রিকা
-

প্রাপ্তিস্থান : দে'জ, দিয়া, দে বুক স্টোর (দীপু), পাতিরাম, ধ্যানবিন্দু, পাতাবাহার

মূল্য : ৪০০ টাকা

গোরক্ষাকারী বিভিন্ন দেবতা : লোকায়ত পরিবেশ জনজীবন সঞ্চিত সাহা	৬৯৯
সাঁওতালি জন্মসংস্কারে : লোকাচার ও লোকগীত ছোট্ট টুড়ু	৭০৪
ঝুমুর : পরতে পরতে উন্মোচিত রসরূপ অদিতি বেরা	৭০৯
উত্তরের রাজবংশি লোকদেবতা মশান কুমুকান্ত রায়	৭১৪
সমাজ দর্পণে দক্ষিণ চব্বিশ পরগনার লোকসংস্কৃতি বিশ্বজিৎ যোদ্ধার	৭২২
'হাঁসুলী বাঁকের উপকথা' : লোকসংস্কৃতির এক উজ্জ্বল প্রতিভাস সোমা ভদ্র রায়	৭৩১
লোকসংস্কৃতি ও লোকসাহিত্যকেন্দ্রিক ইংরেজি লেখা _____	
Understanding the Nepali Teej songs : A study of woman's emancipation through music Aratrika Gunguly	৭৩৬
Non-Medical Masks as Living Archive of Folklore Amidst the Pandemic Ayantika Chakraborty	৭৪১
The Art of Survival : The World of the Patuas of Bengal with special reference to The Kalighat School of Painting Doyel De	৭৪৬
(Subsection : Field Study, Folk gods) Symbiosis of Binary Cultures Field Study on Mohajmata Temple Kuntak Chatterjee	৭৫৩
Mangalakavyas in Patacitra Rohini Kar	৭৫৮
The Tradition of Jenana Mehfil : Bengali Muslim Women and their Wedding Centric Songs Jemima Nasrin	৭৬৪
বই বিজ্ঞাপন _____	৭৬৯-৭৭৭



সাঁওতালি জন্মসংস্কারে : লোকাচার ও লোকগীত ছোট্ট টুড়ু

মানবজীবনের গুরুত্বপূর্ণ ঘটনাগুলির সঙ্গে লোকাচার ও লোকগীত এর সম্পর্ক খুবই ঘনিষ্ঠ। জীবনের ওই গুরুত্বপূর্ণ ঘটনার মধ্যে জন্ম-সংস্কার হচ্ছে একটি অন্যতম। এই জন্মকে কেন্দ্র করে বিভিন্ন লোকসমাজে অসংখ্য লোকবিশ্বাস ও লোকসংস্কার বর্তমান। সাঁওতালদের ক্ষেত্রেও এর ব্যতিক্রম হয়নি। তাই এই লোকবিশ্বাস ও লোকসংস্কারকে সম্মুখে রেখে গড়ে উঠেছে অসংখ্য লোকাচার ও লোকগীত। সাঁওতালদের সমাজ জীবনে বিভিন্ন আচার-অনুষ্ঠান যেমন বর্তমান, তেমনই জন্মকে কেন্দ্র করে গড়ে ওঠা লোকাচারও বেশ বিচিত্র ও প্রাচুর্যে ভরপুর। আর এই জন্মকে কেন্দ্র করে গড়ে ওঠা বিভিন্ন আচার-বিশ্বাস-লোকগীতকেই জন্মসংস্কার বলে গণ্য করা হয়। জন্ম-সংস্কারে যেসব আচার-বিশ্বাস মান্য বা পালন করা হয় তার মূল উদ্দেশ্য হলো শিশু ও প্রসূতি। মা প্রসবের পূর্ববর্তী ও পরবর্তীতে পৃথিবীর প্রতিকূল পরিবেশে যাতে সুস্থ এবং সবল হয় সেই জন্মই সকল সমাজের মানুষের চেষ্টার অস্ত নেই। সাঁওতাল সমাজের জন্মলগ্নে আচার-বিশ্বাস-লোকগীত দৃষ্টান্ত উল্লেখ পর্যায়ে রয়েছে আমাদের আলোচনার সূত্রপাত হলো নবজাত শিশু-প্রসূতিকে নিয়ে।

সাঁওতাল লোকসমাজে গোটা জন্ম-সংস্কারকে তিনটি পর্যায়ে সম্পূর্ণ করা হয়, যেমন—

১. জন্ম-সংলগ্ন/নারতা
২. জানাম ছাটিয়োর/নামকরণ বা শুদ্ধিকরণ
৩. জন্ম-পরবর্তী/চাচো ছাটিয়োর

সাঁওতাল লোকসমাজে শিশু জন্মের পূর্ববর্তী অবস্থায় গর্ভবতীকে নিয়ে তেমন কোনো আচার-বিশ্বাস লক্ষণীয় নয়, কারণ হিসেবে অর্থনৈতিক দূরবস্থা ধরা যেতে পারে, তবে গভিনীর কিছু বাধক থাকে যেগুলি করলে খারাপ হয়। এই তিন পর্যায়ে বিভিন্ন আচার-বিশ্বাস-লোকগীতগুলিই আলোচনার মধ্যে উপস্থাপনের চেষ্টা করলাম। সাঁওতাল লোকসমাজে জন্ম-সংলগ্নে/নারতায় অনেকগুলি লোকাচার ও লোকগীত বর্তমান। যথা—

১. জন্ম-সংলগ্ন/নারতা

● অমন অড়াঃ/আঁতুড় ঘর : নবজাত শিশু প্রসবের প্রাক্কালে গর্ভধারিণীর যাতে কোনোরকম সমস্যা না হয়, সেইজন্য একটা পৃথক ঘরে রাখার ব্যবস্থা করা হয়। এই ঘরই অমন অড়াঃ/আঁতুড়ঘর নামে পরিচিত। পুরুষদের এই ঘরে প্রবেশ নিষেধ, শুধু থাকে ধাই-বুড়ি দু-একজন মহিলা যারা প্রসবের কাজে ধাই-বুড়িকে সহযোগিতা করতে পারবে। আঁতুড়ঘরে প্রসূতির প্রবেশ করার পূর্বে নিমপাতা-নিমের ছোটো ছোটো ডাল পুড়িয়ে ধুইয়ে ঘরটিকে শুদ্ধ করা হয়। ধাই বুড়ি আসার সঙ্গে সঙ্গে ঘরের মধ্যে বাতি, একটি মাটির পাত্রে ঘুঁটের আগুন, আঁকন্দ-আসন-পাতা মিশ্রিত গরম সরিষার-তেল, কাঁচা-হলুদ, এক হাঁড়ি গরম-চা